

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA  
Date: 07-04-2024  
Time: 07.35-07.40 AM Hrs  
BENGALI MORNING BULLETIN**

---

**World Health Day:**

আজ বিশ্ব স্বাস্থ্য দিবস। এইবছর বিশ্ব স্বাস্থ্য দিবসের থিম হচ্ছে আমার স্বাস্থ্য আমার অধিকার। মূলত প্রতিটি মানুষের গুণগত স্বাস্থ্য পরিষেবা থেকে শিক্ষা, পরিচ্ছন্ন পানীয় জল প্রভৃতি বিষয়ের উপর অধিকার সুনিশ্চিত করতে এই থিমটি নেওয়া হয়েছে।

\*\*\*\*\*

**Governor visit Agricultural college:**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাগ্নু গতকাল লেঙ্গুছড়া স্থিত কৃষি কলেজ পরিদর্শনে যান। পরিদর্শনকালে রাজ্যপাল কলেজের অধ্যক্ষ ও ফ্যাকাল্টিদের সঙ্গে কলেজের বিভিন্ন বিষয়ে কথা বলেন। পাশাপাশি তিনি কৃষি ক্ষেত্রে আধুনিক যন্ত্রপাতি ব্যবহারের উপর গুরুত্বরোপ করেন। বৈঠকের পর রাজ্যপাল কলেজের এনথরিয়াম ইউনিট, ম্যাংগো ব্লক সহ বিভিন্ন জায়গা পরিদর্শন করেন। রাজ্যপালের সাথে উপস্থিত ছিলেন কলেজের অধ্যক্ষ দেবশীষ সেন ও রাজ্যপালের উপসচিব রতন ভৌমিক।

\*\*\*\*\*

**Rajya Sabha oath:**

বিজেপির সর্বভারতীয় সভাপতি জে পি নাড্ডা সহ রাজ্য সভার আরো ৫জন নবনির্বাচিত সদস্যরা গতকাল শপথ গ্রহণ করেন। সংসদ ভবনে উপরাষ্ট্রপতি তথা রাজ্য সভার চেয়ারম্যান জগদীপ ধ্যানকর তাঁদের শপথ গ্রহণ করান।

\*\*\*\*\*

**EVM Commissioning :**

পশ্চিম ত্রিপুরার লোকসভা আসন ও রামনগর বিধানসভা আসনের উপনির্বাচনের ইভিএম কমিশনিং-এর কাজ গতকাল থেকে আগরতলার উমাকান্ত একাডেমিতে শুরু হয়েছে। পশ্চিম ত্রিপুরার লোকসভা আসনের রিটার্নিং অফিসার ডাঃ বিশাল কুমার জানিয়েছেন, বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধিদের উপস্থিতিতে ইভিএম কমিশনিং

করা হচ্ছে। পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনের মোট ৭৯৩টি ভোট কেন্দ্রের জন্য ই.ভি.এম কমিশনিং এর কাজ চলবে আগামী ১০ই এপ্রিল পর্যন্ত।

\*\*\*\*\*

**Final voter list-TRIPURA :**

রাজ্য নির্বাচন দপ্তরের পক্ষ থেকে রাজ্যের সর্বশেষ চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করা হয়েছে। এই তালিকা অনুযায়ী রাজ্যে মোট ভোটার সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ২৮ লক্ষ ৬০ হাজার ২৮৭-তে। পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনের ভোটার সংখ্যা ১৪ লক্ষ ৬৩ হাজার ৫২৬ জন এবং পূর্ব ত্রিপুরা লোকসভা আসনে মোট ভোটার ১৩ লক্ষ ৯৬ হাজার ৭৬১ জন।

\*\*\*\*\*

**BJP**

**Election**

**campaign:**

পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনের বিজেপি প্রার্থী বিপ্লব কুমার দেব গতকাল বড়জলা বিজেপি মন্ডলের উদ্যোগে পশ্চিম ভুবনবনে শক্তি কেন্দ্র ভিত্তিক সাংগঠনিক বৈঠকে অংশগ্রহণ করেন। তাছাড়া শ্রী দেব চানমারী মুক্তিপল্লী শক্তিকেন্দ্র ও পশ্চিম ভুবনবন শক্তিকেন্দ্র ভিত্তিক সাংগঠনিক বৈঠক ও সূর্যমনিগর বিধানসভার অন্তর্গত আনন্দনগরে নির্বাচনী সমাবেশে অংশগ্রহণ করেন। আনন্দনগরে প্রার্থী বিপ্লব কুমার দেব ছাড়া উপস্থিত ছিলেন বিধানসভার উপাধক্ষক রামপ্রসাদ পাল, বিজেপি র সহ সভাপতি তাপস ভট্টাচার্য। অন্যদিকে বিদ্যুৎ মন্ত্রী রতনলাল নাথ গতকাল ৬ আগরতলা বিজেপি মন্ডলের উদ্যোগে রাধানগর এলাকায় সাংগঠনিক বৈঠকে অংশগ্রহণ করেন।

\*\*\*\*\*

**Congress :**

পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনে ইন্ডিয়া ব্লকের কংগ্রেস প্রার্থী আশিস সাহার সমর্থনে ভোট প্রচারের জন্য তারকা প্রচারকরা রাজ্যে আসছেন। এদের মধ্যে রয়েছেন, মল্লিকার্জুন খার্গে, সোনিয়া গান্ধী, রাহুল গান্ধী, প্রিয়াঙ্কা গান্ধী ভদ্রা, কে সি বেনুগোপাল, জয়রাম রমেশ প্রমুখ। কংগ্রেসের সর্বভারতীয় সাধারণ সম্পাদক কে সি ভেনু গোপাল এক বিবৃতির মাধ্যমে এই তালিকা প্রকাশ করেছেন।

\*\*\*\*\*

**I. N. D. I. A Block - election campaign:**

পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনের I.N.D.I.A ব্লকের কংগ্রেস প্রার্থী আশীষ কুমার সাহার সমর্থনে গতকাল নির্বাচনী সভা অনুষ্ঠিত হয় বনকুমারী নেতাজী সংঘের মাঠে। সভায় প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন রাজ্যের প্রাক্তন মুখ্যমন্ত্রী তথা CPI(M) পলিটব্যুরো সদস্য মানিক সরকার। তিনি বলেন এবারের নির্বাচন গণতন্ত্র ও সংবিধান রক্ষার লড়াই। উপস্থিত ছিলেন ইন্ডিয়া ব্লকের কংগ্রেস প্রার্থী আশীষ কুমার সাহা সহ অন্যান্য নেতৃবৃন্দ।

\*\*\*\*\*

#### **SVEEP Icfai University:**

ইকফাই বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে গতকাল নির্বাচন কমিশনের সিস্টেমেটিক ভোটারস এডুকেশন এন্ড ইলেকট্রোরাল পার্টিসিপ্যান্ট অর্থাৎ SVEEP কর্মসূচী ও যোগাচার আয়োজন করা হয়। অনুষ্ঠানে যোগা চর্চার মধ্যে দিয়ে ভোট দানের আহ্বান জানালো ইকফাই বিশ্ব বিদ্যালয়ের ছাত্র ছাত্রীরা। কর্মসূচীতে উপস্থিত ছিলেন রাজ্যের অতিরিক্ত মুখ্য নির্বাচন আধিকারীক সুভাশিস ব্যানার্জী। তিনি তরুন ভোটারদের আরও বেশি সংখ্যায় ভোটদানে এগিয়ে আসার আহ্বান জানান।

\*\*\*\*\*

#### **NSS Blood Donation:**

ধলাই জেলার গন্ডাতুইসা দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে গতকাল থেকে এনএসএস ইউনিটের সাত দিনের বিশেষ শিবির শুরু হয়েছে। শিবিরে ৫০ জন ছাত্রছাত্রী অংশগ্রহণ করেছে। সাতদিন ব্যাপী এই শিবিরে রক্তদান কর্মসূচি, সাফাই অভিযান সহ বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

\*\*\*\*\*

#### **Women Cricket :**

টিসিএ পরিচালিত মহিলাদের ঘরোয়া একদিনের সীমিত ওভারের ক্রিকেট প্রতিযোগিতার গতকাল অনুষ্ঠিত দুটি খেলায় লালবাহাদুর ব্যায়ামাগার ও এডি নগর কোচিং সেন্টার জয়লাভ করেছে। তালতলা মাঠে অনুষ্ঠিত খেলায় লালবাহাদুর ব্যায়ামাগার ২০৫ রানে মৌচাক কোচিং সেন্টারকে এবং মেলাঘরে অনুষ্ঠিত অপর খেলায় এডি নগর কোচিং সেন্টার ৪৫ রানে এগিয়ে চলো সংঘকে হারিয়ে দেয়।

\*\*\*\*\*

#### **Weather :**

আবহাওয়া দপ্তর সূত্রে জানা গেছে আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। কিছু কিছু জায়গায় ঝোড়ো হাওয়া সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আজ ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬ ডিগ্রি এবং সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ডিগ্রির কাছাকাছি থাকবে বলে জানা গেছে।

\*\*\*\*\*

\*\*\*\*\*